

১০

উত্তীর্ণ হওয়ার হার ৭৪.৭২

পাঠ্যপুস্তক প্রতিদ্বন্দ্বিতা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের তৃত্বীনে ২০১১ সালের ডিগ্রি (পাস ও সার্টিফিকেট) পরীক্ষার ফলাফলে এবার পাসের হার দাঁড়িয়েছে শতকরা ৭৪ দশমিক ৭২ ভাগ। সোমবার রাত ৮টায় এই ফল প্রকাশ করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশন দপ্তরের জরুরী পরিচালক মো. কয়কুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এই পরীক্ষার সারাদেশে ৬৪০ কেন্দ্রের ১৫৫১ কক্ষে সর্বমোট ৪৭১৪৫২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। মাসিক (পাস) তৃত্বীয় বর্ষে (চূড়ান্ত) পরীক্ষায় ১ লাখ ৯২ হাজার ৪৪৭ জন পরীক্ষা দেন। এতে পরীক্ষার্থী উত্তীর্ণ হন ১ লাখ ৪৩ হাজার ৭৮৭ জন। তাদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছেন ৯ হাজার ১২১, দ্বিতীয় বিভাগ পেয়েছেন ১ লাখ ১০ হাজার ৮৮৭ এবং তৃত্বীয় বিভাগ পেয়েছেন ২৩ হাজার ৬০৮ জন। এ ছাড়া প্রথমবর্ষে ১ লাখ ৫৯ হাজার ৮৩৭ জনের মধ্যে ১ লাখ ৪৪ হাজার ৬৪৬ জন পরীক্ষার্থী পাস করেছেন। পাসের হার শতকরা ৯০ দশমিক ৫০। আর দ্বিতীয় বর্ষে ১ লাখ ১৮ হাজার ৫১৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ১০ হাজার ৯০৩ জন পাস করেছেন। পাসের হার শতকরা ৯৩ দশমিক ৫৭ ভাগ। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ৬৪৯ জনের মধ্যে ৩৭৯ জন পরীক্ষার্থী পাস করেছেন। পাসের হার শতকরা ৫৮ দশমিক ৪০ ভাগ।

পরীক্ষার্থীর যোগাযোগ ফলাফল www.nubd.info অথবা www.nuadmission.info ওয়েবসাইট থেকে জানা যাবে। যে কোনো মোবাইল ফোন থেকে SMS করেও ফলাফল জানা যাবে। এ ক্ষেত্রে Message অপশনে গিয়ে nu<space>deg<space>Roll লিখে ১৬২২২ নাম্বারে Send করতে হবে। বিস্তারিত ফলাফল উল্লিখিত ওয়েবসাইট থেকে আপাতী সজাহে জানা যাবে।